

LET'S READ®

যেকোনো স্থানে, যেকোনো সময়

১৮ মাস
18
বয়স থেকে

## অল্প বয়সী শিশুর সাথে পড়া

**অল্প বয়সী শিশুরা যা পছন্দ করেঃ**

- তারা যেসব খেলা খেলে সে সম্পর্কে আপনাকে বলতে
- তারা যা দেখে সেদিকে দেখাতে ও সেগুলোর নাম বলতে
- একই ছড়া, গান ও গল্প বার বার আবৃত্তি করতে
- গান ও ছড়ার সাথে তাদের নাম মিলিয়ে শুনতে
- তারা যেসব গান ও গল্প জানে সেগুলোর শব্দ পূরণ করতে
- পশুপাখীদের নিয়ে পড়তে ও পশুপাখীর শব্দ করতে
- বই বাছাই করতে ও বই-এটি ফ্রী এবং উপভোগ্য।

*জন্মের সময় থেকেই বই শেয়ার করা সারাজীবনের জন্য শিশুদের ভালো পাঠক হতে সাহায্য করে*



BANGLA

# আপনি আপনার অল্প বয়সী শিশুকে একজন শক্তিশালী পাঠক হিসেবে বেড়ে উঠতে সাহায্য করতে পারেন।

**কীভাবে?**

- আপনার অল্প বয়সী শিশুর সাথে সে খেলতে খেলতে যা করছে তা নিয়ে কথা বলুন
- আপনার অল্প বয়সী শিশুকে প্রতিদিন শব্দ, আওয়াজ ও বর্ণ চিনতে সাহায্য করুন, যেমনঃ রাস্তার সাইন, মুদি দোকানের জিনিষের মোড়ক
- একসাথে মিলে গান করুন, নিজেই সঙ্গীত তৈরী করুন ও ছন্দের সাথে নাচুন
- গল্প ও গানে যেসব শব্দ ছন্দ তৈরী করে সেগুলো খুঁজে বের করুন
- খেলুন ও মজা করুন-আপনাকে সম্পূর্ণ বই পড়তে হবে না
- আপনার অল্প বয়সী শিশুকে পাতা উল্টাতে এবং তারা যা দেখছে তা বলতে উৎসাহিত করুন, যেমনঃ "আমাকে সাপটি দেখাও"
- আপনি যেখানেই থাকুন সেখানে বই, গল্প বলার সাথে পড়ার অ্যাপ্‌স্‌ এবং ই-বুক্‌স্‌ শেয়ার করুন
- আপনি কোথাও গেলে সাথে বই নিন
- লাইব্রেরিতে যান, বই ধার করুন বা অল্প বয়সী শিশুদের জন্য লাইব্রেরির পড়ার সেশনে যোগ দিন-এটি ফ্রী এবং উপভোগ্য!



অস্ট্রেলিয়ার সরকার Murdoch Childrens Research Institute এবং The Smith Family-এর সাথে অংশীদার হয়ে 'লেট্‌স্‌ রিড' প্রদানের কাজ করছে।

প্রকল্পের অংশীদারঃ

যারা সংশ্লিষ্টঃ

Let's Read হচ্ছে Murdoch Childrens Research Institute এবং The Smith Family
© Copyright 2013 -এর একটি রেজিস্ট্রিকৃত ট্রেডমার্ক এবং Wendy Paterson, Honey Ant Readers কর্তৃক চিত্রিত

ERC 121477